

উপজেলা মাধ্যমিক  
শিক্ষা অফিস  
ডায়েরী নং: ২০৬  
তারিখ: ২১/০৩/২১  
কপি নম্বর: ২  
সংরক্ষণ তালিকা/নথি  
দিন/আলাপ ক্রম: LIA  
বিসম্বন্ধক/প্রাপ্তি: Enclorse  
সহকারী/এইউএসইউ: Enclorse

১৩.১১.১৪২৭

তারিখ:-----

২৭.০৩.২০২১

নং ৪৩.২৬.৯১০০.০০০.২৩.০০১.১৮. ১১৬ (১৫০)

বিষয় : বাংলা নববর্ষ ১৪২৮ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা-২০২১।

সূত্র : ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১).৬১৫ তারিখ: ২৩.০৩.২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, 'বাংলা নববর্ষ ১৪২৮' উদ্‌যাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এ নিম্নোক্ত ফ্রেমে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আহ্বানী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

| ক্র. নং | ফ্রেম | শ্রেণি              | রচনা প্রতিযোগিতার বিষয়       | শব্দসীমা |
|---------|-------|---------------------|-------------------------------|----------|
| ১.      | ক     | পঞ্চম- অষ্টম        | বাংলা নববর্ষ                  | ১০০০     |
| ২.      | খ     | নবম- দ্বাদশ         | জাতীয় জীবনে নববর্ষের গুরুত্ব | ১২০০     |
| ৩.      | গ     | স্নাতক- স্নাতকোত্তর | বাংলা সাহিত্যে নববর্ষ         | ১৫০০     |
| ৪.      | ঘ     | সর্বসাধারণ          | বাংলা সংস্কৃতির বিকাশে নববর্ষ | ১৮০০     |
| ৫.      | ঙ     | বিশেষ (প্রতিবন্ধী)  | বৈশাখী মেলা                   | ১০০০     |

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

| ক্র.নং | ফ্রেম | বয়সসীমা           | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয় |
|--------|-------|--------------------|------------------------------|
| ১.     | ক     | অনূর্ধ্ব - ৭ বছর   | উন্মুক্ত                     |
| ২.     | খ     | ৮- ১২ বছর          | মঙ্গল শোভাযাত্রা             |
| ৩.     | গ     | বিশেষ (প্রতিবন্ধী) | উন্মুক্ত                     |

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৮.০৪.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র ১৮.০৪.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

শর্তাবলি:

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দ সংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে। চিত্রাংকনের ক্ষেত্রে জন্মসনদ দেয়া আবশ্যিক।
৩. রচনা ও চিত্রাংকনে অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

(দিলীপ কুমার সাহা)  
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার  
সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
সিলেট সদর, সিলেট।

E-mail - useosylhetsadar@gmail.com

অতীব জরুরী

স্মারক নং-৩৭.০২.৯১৬২.০০০.৯৯.০১.২১-৭৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হ'লঃ

০১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.....(সকল শিক্ষা প্রতিষ্ঠান), সিলেট সদর, সিলেট।

(সংযুক্ত পত্রের আলোকে তাঁকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হ'লঃ

০১। জেলা শিক্ষা অফিসার, সিলেট।

০২। সংরক্ষন নথি/দপ্তর কপি।

তারিখঃ ২৯/০৩/২০২১ খ্রিঃ

(মোঃ গোলাম রব্বানী মজুমদার)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
সিলেট সদর, সিলেট।  
০৮২১-২৮৭০০৯৪